



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৩৫৪৬

তারিখঃ ১৭/০৪/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ মোবাইল সার্ভিসিং বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগীকে বিশেষ ঋণ প্রদান।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পভুক্ত সুফলভোগী গ্রামীণ নারীদের আইজিএ ভিত্তিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রকল্পের আওতায় মোবাইল রিপেয়ারিং এন্ড সার্ভিসিং বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত সুফলভোগীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তবে প্রয়োগের মাধ্যমে স্থায়ী ভাবে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তাদের চাহিদা মোতাবেক নিম্নোক্ত শর্তে প্রকল্প থেকে ২০,০০০/- হতে ৫০,০০০/- টাকা পর্যন্ত বিশেষ ঋণ প্রদান করা যাবেঃ

শর্তাবলীঃ

- এ ঋণ শুধুমাত্র মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন ও পরিচালনার কাজে ব্যবহার করতে হবে;
- প্রকল্পভুক্ত ইউনিয়ন/গ্রামের নিকটবর্তী বাজারে মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন করতে হবে;
- এ ঋণ ব্যক্তিগত ন্যায় বিতরণ ও পরিশোধযোগ্য হবে;
- প্রকল্পের এআরডিও এবং সংশ্লিষ্ট মাঠ সংগঠকের সার্বিক তত্ত্বাবধানে মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন করতে হবে;
- মোবাইল সার্ভিসিং সেন্টারে প্রকল্পের নাম সম্বলিত সাইনবোর্ড ব্যবহার করতে হবে।

২। উল্লেখ্য, স্থাপিত মোবাইল সার্ভিসিং সেন্টারের আয় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনে সংশ্লিষ্ট অন্যান্য সেবা (বিকাশ, মোবাইল ব্যাংকিং, মোবাইল ফ্লেক্সি লোড, কুরিয়ার সার্ভিস ইত্যাদি) প্রদানের সুযোগ রাখার ব্যবস্থা করা যেতে পারে।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
-----জেলা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, ----- জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। মাঠ সংগঠক (সংশ্লিষ্ট), (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। অফিস কপি।